Gmail

Ucaliptas <ucaliptas909@gmail.com>

কবিতা: শীতল বাতাসে শিশির

1 message

Mohammad Sheikh Zohurul Islam <mszi065045@gmail.com> Sun, Mar 16, 2025 at 7:13 AM
To: ucaliptas909@gmail.com

শীতল বাতাসে শিশির
তাফিফ বিন জামিল

শীতল বাতাসে শিশির লেগে থাকে মুথাঘাসে,
পায়ের নিচে নরম কাঁদা—মধুর ঘ্রাণে ভরে চারপাশ।
হারানো কোনো গল্পের মতো ঝড়ে পড়ে বাতাসে;
ধূসর মহুয়া গাছের পাতা—নির্লিপ্ত হয়ে গেছে তার শ্বাস।

মাঠের প্রান্তের শেষে সোঁদা মাটির গন্ধ যায় মিশে;
দূরের তালগাছ নিঃশব্দ হয়ে শোনে আকাশের দীর্ঘশ্বাস।

বয়ে যায় মহাকালের মলিন ধুলো—নদীর ঢেউ ভাঙে;
তার নীরবতা অবিরত। বয়ে নিয়ে যায় স্নিগ্ধ সুবাসিত—
হাওয়া তার; যেনো সে বিলাপ করে ওঠে নতুন কোনো ঢঙে—
নদী তীরে বসে এসব দেখে দেখে আমি হয়ে যাই বিমোহিত।

রচনাকাল: ২৬ ফাল্গুন ১৪২৮।